



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং : মাউশিবোদি/পনি/পরীঃ/এইচএসসি/২০১৭/২০১২(৩৫০০)

তারিখ : ০৪/০৪/২০১৭ খ্রি.

বিষয় : ২০১৭ সালের এইচএসসি পরীক্ষার পরীক্ষক নিবন্ধন Online এ সম্পন্নকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি ।

- শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক বিষয়ভিত্তিক প্রশ্নপত্র প্রণয়ন, মডারেশন, উত্তরপত্র মূল্যায়ন ও অন্যান্য কাজে সংশ্লিষ্ট করার লক্ষ্যে অত্র শিক্ষা বোর্ডের অধীন সংশ্লিষ্ট সকল মহাবিদ্যালয়ের সকল বিষয়ের শিক্ষকগণের বিষয়ভিত্তিক তথ্য সংরক্ষণ করা আবশ্যিক। এ লক্ষ্যে দিনাজপুর শিক্ষা বোর্ডে DBTP (Dinajpur Board Teacher's Profile) নামে একটি Online রেজিস্ট্রেশন প্রক্রিয়া চালু আছে। গত জানুয়ারী ও ফেব্রুয়ারী মাসে উক্ত প্রক্রিয়ায় যারা ইতোমধ্যে রেজিস্ট্রেশন করেছেন তাঁদের রেজিস্ট্রেশন Confirm হয়েছে কি-না তা যাচাইয়ের জন্য নিজ নিজ Profile-এ Login করে ০৬/০৪/২০১৭ খ্রি. তারিখ থেকে নিশ্চিত হওয়া যাবে।
- যারা এখনো রেজিস্ট্রেশন করেননি, তাঁদেরকে আগামী ১০/০৪/২০১৭ খ্রি. তারিখের মধ্যে dbtp2017.dinajpurboard.gov.bd-তে login করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
- যারা রেজিস্ট্রেশন করবেন না, তাঁদের তালিকা শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণের জন্য আগামী ১২/০৪/২০১৭ খ্রি. তারিখের মধ্যে examcontroller@yahoo.com-এ ঠিকানায় নিম্নে বর্ণিত ছক অনুযায়ী তালিকা প্রস্তুত করে প্রেরণের অনুরোধ করা হলো।

প্রতিষ্ঠানের নাম	EIIN	শিক্ষকের নাম ও পদবী	ইনডেক্স নং/মাউশি আইডি নং	মোবাইল নং	মন্তব্য

Online Registration সংক্রান্ত :

- যে সকল সম্মানীত শিক্ষক ইতোমধ্যে অবসরে গিয়েছেন এবং যারা আগামী ৩০/০৪/২০১৭ তারিখের পূর্বে অবসরে যাবেন তাঁদের ২০১৭ সালের এইচএসসি পরীক্ষার পরীক্ষক/প্রধান পরীক্ষক হওয়ার জন্য Online-এ নিবন্ধন/আবেদন করার প্রয়োজন নেই।
- Online Registration শুরু করার আগে DBTP Option-এ Click করে রেজিস্ট্রেশন করার নিয়মাবলি/ব্যবহারবিধি/নির্দেশাবলি অবশ্যই ভালোভাবে পড়তে হবে এবং Online Registration করার সময় উক্ত নিয়মাবলি/ব্যবহারবিধি/নির্দেশাবলি সামনে রেখে Step by Step তথ্য প্রদান সম্পন্ন করতে হবে।
- একজন শিক্ষক শুধুমাত্র একটি পত্রে পরীক্ষক হওয়ার জন্য Online-এ নিবন্ধন করতে পারবেন। যদি কোন শিক্ষক একাধিক বিষয়ে পরীক্ষক হওয়ার জন্য নিবন্ধন করেন তাহলে তাঁকে এ শিক্ষা বোর্ডের সকল পরীক্ষার পরীক্ষক ও গোপনীয় কার্যক্রম থেকে আজীবন বিরত রাখার ব্যবস্থা করা হবে।
- কেবলমাত্র কলেজ পর্যায়ে পাঠদানকারী শিক্ষকই পরীক্ষক/প্রধান পরীক্ষক হওয়ার জন্য আবেদন করতে পারবেন। এর ব্যতিক্রম করা হলে তাঁর বিরুদ্ধে "পাবলিক পরীক্ষাসমূহ অপরাধ আইন- ১৯৮০" অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- পরীক্ষক হওয়ার জন্য রেজিস্ট্রেশনের সময় আবেদনকারী যে পাসওয়ার্ড নিজে তৈরি করে ব্যবহার করবেন উক্ত পাসওয়ার্ড যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। কেননা উত্তরপত্র গ্রহণের সময় এই পাসওয়ার্ডটি অবশ্যই প্রয়োজন হবে।
- অত্র শিক্ষা বোর্ডের অওতাধীন সকল মহাবিদ্যালয়ের সম্মানীত অধ্যক্ষ উপরে বর্ণিত সময়সূচি অনুযায়ী Online-এ যথারীতি নিবন্ধন করবেন এবং আগামী ১১/০৪/২০১৭ তারিখে স্ব স্ব মহাবিদ্যালয়ের আবেদনকারী শিক্ষকদের Online এ দেয়া তথ্য যাচাই বাছাই করে Confirm করবেন। অধ্যক্ষগণ বর্ণিত নিয়মাবলী অনুযায়ী নিজের তথ্য Online এ প্রদান করার পর নির্ধারিত তারিখে নিজ নিজ Profile এ প্রবেশ করে My Profile এর পার্শ্ব Teacher List Option এ ক্লিক করে স্ব স্ব মহাবিদ্যালয়ের আবেদনকারী শিক্ষকদের প্রদেয় তথ্য যাচাই বাছাই করবেন এবং প্রয়োজন হলে Edit Option ব্যবহার করে কোন ভুল তথ্য সংশোধন করতে পারবেন। আবেদনকারী শিক্ষকদের তথ্য প্রেরণ না করলে বা ভুল তথ্য প্রেরণ করলে সংশ্লিষ্ট অধ্যক্ষ এককভাবে দায়ী থাকবেন।
- Online এ তথ্য প্রদান করতে কিংবা Registration করতে সমস্যা হলে কিংবা যে কোন কারিগরি সহায়তা/অনলাইন সমস্যা সমাধানের জন্য dboardhelp@gmail.com ঠিকানায় মেইল করুন।


০৪/০৪/১৭
মোঃ তোফাজ্জুর রহমান

পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সংশ্লিষ্ট সকল মহাবিদ্যালয়।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
ফোন : ০৫৩১-৫১৮৮১, ফ্যাক্স : ০৫৩১-৬৬৪২১

অনুলিপি : অবগতি ও কার্যার্থে বিতরণ-

- সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- নোটিশ বোর্ড।
- ০৪-০৫। Website ও অফিস কপি।